Total number of printed pages: 4 (four) **DCBL-2022-101**

**2022**

Diploma Course in Bengali Language (DCBL)

**First Semester : 1st paper**

Bengali Language and Literature on Historical Perspective

Full Marks: 80 Time: 3 hours

**২০২২**

বাংলা ভাষা ডিপ্লোমা পাঠক্রম

**প্রথম ষাণ্মাসিক : ১ম পত্র**

ইতিহাসের আলোকে বাংলা ভাষা ও সাহিত্য

পূর্ণমান: ৮০ সময়: ৩ ঘণ্টা

১। অতি সংক্ষেপে উত্তর লিখুন (যে কোন পাঁচটি) : - ১ x ৫ = ৫

ক) বাংলা ভাষার উদ্ভব কোন শতকে?

খ) পৃথিবীতে প্রচলিত ভাষাগুলোর মধ্যে বাংলা ভাষার স্থান কত?

গ) শিলচরের স্থানীয় দূরদর্শন কেন্দ্রের প্রচারিত অনুষ্ঠানের ভাষা কোনটি?

ঘ) 'হা-বাংলা' শব্দটির অর্থ লিখুন।

ঙ) 'বঙ্গীয় শব্দকোষে'র প্রণেতা কে?

চ) আকবরের সাম্রাজ্য কয়টি সুবায় বিভক্ত ছিল?

২। সংক্ষেপে উত্তর দিন (যে কোন দু'টি) : - ৩ x ২ = ৬

ক) বাঙালি একটি মিশ্র জাতি- দু'টি প্রমাণ দিয়ে লিখুন।

খ) বাঙালি বলতে সঠিকভাবে কাদের বোঝায়? বাঙালি বলে পরিচিতি লাভ করতে হলে বাংলায় বসবাস কি অপরিহার্য?

গ) বাংলার ভূখণ্ড ও বাংলা ভাষার ভূখণ্ড এক নয়-আপনার মতামত লিখুন।

৩। উত্তর লিখুন : - ১ x ৪ = ৪

ক) সারা পৃথিবীতে কত সংখ্যক মানুষের মুখের ভাষা বাংলা?

খ) আসামের 'সরকারি ভাষা আইন ১৯৬০' এবং এর ১৯৬১-র সংশোধনী মতে বরাক উপত্যকার স্বীকৃত ভাষা কোনটি?

অপর পৃষ্ঠায় দেখুন

গ) ‘বাঙ্গালীর ইতিহাস’ বইটি কার লিখা?

ঘ) বাঙালিরা তাঁদের জাতিবাচক অভিধাটি কোথা থেকে লাভ করেছে।

৪। সংক্ষেপে উত্তর লিখুন (যে কোন দু’টি) : - ৩ x ২ = ৬

ক) ভাষা পরিবার বলতে কী বোঝায়?

খ) বাংলা ভাষার সাধুরূপটি আমরা বর্তমানে কোথায় খুঁজে পাই?

গ) চর্যাপদ পুথিটি কে, কবে এবং কোথায় আবিষ্কার করেন? এ পদগুলোর দু'জন রচয়িতার নাম লিখুন।

৫। প্রশ্নানুযায়ী উত্তর লিখুন (যে কোন দু’টি) : - ৩ x ২ = ৬

ক) ‘নীল ময়ূরের যৌবন’ উপন্যাসটি কার রচিত? এতে কা’দের জীবন প্রতিফলিত হয়েছে?

খ) ১৯১৬ খ্রিস্টাব্দে বঙ্গীয় সাহিত্য পরিষদ থেকে প্রকাশিত চর্যাপদের বইটির নাম লিখুন। চর্যাপদগুলোর ভাষাকে কি ভাষা বলা হয়েছে?

গ) বাংলা ভাষার বয়স হাজার বছর-এর সপক্ষে আপনার দুটি যুক্তি দিন।

৬। চর্যার পদগুলোকে আধুনিক বাংলায় অনুবাদ করুন (যে কোন একটি) : - ৩ x ১ = ৩

ক) ভাব না হোই অভাবন জাই
আইস মংবোহে কো পতিআই।

খ) উচা উচা পাবত তঁহি বসই সবরী বালী
মোরঙ্গি পীচ্ছে পরহিন সবরী গীবত গুঞ্জরি মালী।

৭। উত্তর লিখুন (যে কোন দু’টি) : - ৩ x ২ = ৬

ক) উদাহরণসহ তুর্কি আমলে প্রকাশিত সাহিত্যের নাম লিখুন।

খ) ‘ভানু সিংহ ঠাকুরের পদাবলী’ -কার রচিত এবং এই পদাবলীর ভাষা কি?

গ) প্রাক্ চৈতন্যযুগের দু’জন বিশিষ্ট পদকর্তার নাম লিখুন। এদের রচনার বিষয়বস্তু কী ছিল লিখুন।

৮। উত্তর দিন (যে কোন একটি) : - ৪ x ১ = ৪

ক) মঙ্গলকাব্য বলতে কী বোঝায়? এর ধারাগুলোর নাম লিখুন।

খ) শাক্ত পদাবলী বলতে কী বোঝায়? এই পর্বের দু’জন প্রধান কবির নাম করুন।

৯। শূন্যস্থান পূর্ণ করুন : - ১ x ৫ = ৫

ক) বেদ, পুরাণ, উপনিষদ, পাঁচালি ____ (কাব্যছন্দে/গদ্যে) রচিত।

খ) মুদ্রণ মাধ্যমের হাজার বছর পূর্বে মানুষের প্রকাশ মাধ্যম ছিল ____ (গদ্য/কবিতা)।

গ) গদ্যের আবির্ভাব কালের বিচারে ____(অর্বাচীন/প্রাচীন)।

ঘ) সাহিত্য সম্রাট শিরোপার অধিকারী ____ (বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়/ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর)।

ঙ) 'হুতোম প্যাঁচার নক্সা'র লেখক ____ (কালীপ্রসন্ন সিংহ/বুদ্ধদেব বসু)।

১০। সংক্ষেপে উত্তর লিখুন (যে কোন একটি) : - ৩ x ১ = ৩

ক) মহারাজ মেঘনারায়ণ কে ছিলেন? তিনি কোথায় সিংহদ্বার নির্মাণ করেন।

খ) উইলিয়াম কেরী অথবা পঞ্চানন কর্মকার সম্বন্ধে সংক্ষেপে লিখুন।

১১। টীকা লিখুন (যে কোন একটি) : - ২ x ১ = ২

কবি'রাজ, প্রস্তরলিপি, সবুজপত্র

১২। উত্তর লিখুন (যে কোন দু'টি) : - ৩ x ২ = ৬

ক) কবিগুরু কত সালে নোবেল পুরস্কার পান? ইংরেজি 'গীতাঞ্জলি'র ভূমিকাটি কে লেখেন এবং এটির বাংলা অনুবাদক কে?

খ) 'শিশু শিক্ষা' কাব্য সংকলনটি কার লেখা? অষ্টাদশ শতকের দু'জন কবিয়ালেন নাম করুন।

গ) বিদ্রোহী কবি কা'কে বলা হয়? তাঁর গান কী নামে পরিচিত? তাঁর প্রথম কাব্যগ্রন্থ কোনটি?

১৩। উত্তর লিখুন (যে কোন একটি) : - ৪ x ১ = ৪

ক) বাংলা ভাষার তৃতীয় ভুবন বলতে কোন অঞ্চলকে বোঝায়? এ ভুবনের কবিতার সংক্ষিপ্ত পরিচিতি দিন।

খ) শ্রাব্য সাহিত্য কাকে বলে? উদাহরণ দিন।

গ) 'আগমনী' ও 'বিজয়া' বলতে কী বোঝায়?

১৪। সংক্ষিপ্ত উত্তর লিখুন (যে কোন দু'টি) : - ৩ x ২ = ৬

ক) নাটক কী? নাটকের প্রধান উপাদান কী? মাইকেল মধুসূদন দত্ত রচিত দু'টি নাটকের নাম লিখুন।

খ) সাম্যবাদী চেতনায় উদ্বুদ্ধ হয়ে নাট্যকর্মীরা কী ধরনের নাটক লিখেছেন? এই ধারার অন্যতম নাট্যকারের নাম লিখুন।

গ) নাট্যকার দ্বিজেন্দ্রলাল রায় সম্বন্ধে সংক্ষেপে লিখুন।



অপর পৃষ্ঠায় দেখুন

১৫। বামদিকের সঙ্গে ডানদিক মিলিয়ে শুদ্ধ উত্তরটি বেছে লিখুন : - ১ x ৪ = ৪

| | |
|---|---|
| ক) ধূমকেতু | অশোক বিজয় রাহা |
| খ) শুদ্ধতম কবি | রঙ্গলাল বন্দ্যোপাধ্যায় |
| গ) ভানুমতীর মাঠ | জীবনানন্দ দাশ |
| ঘ) পদ্মিনী উপাখ্যান | কাজী নজরুল ইসলাম। |

১৬। সংক্ষেপে উত্তর দিন (যে কোন দু'টি) : - ২ x ৩ = ৬

ক) উপন্যাস বলতে কী বোঝায়? উপন্যাস কী হুবহু বাস্তবের প্রতিচ্ছবি?

খ) ইংরেজি সাহিত্যে প্রথম সার্থক উপন্যাস কা'র রচিত? উপন্যাসটির নাম লিখুন।

গ) 'বিষাদসিন্ধু' কা'র রচিত? উপন্যাসটি কয়টি পর্বে বিভক্ত, নামসহ লিখুন।

১৭। টীকা লিখুন (যে কোন দু'টি) : - ২ x ২ = ৪

ক) ছোটগল্প।

খ) শরৎচন্দ্র চট্টোপাধ্যায়।

গ) টেকচাঁদ ঠাকুর।

ঘ) রবিনসন ক্রুশো।

- শেষ পৃষ্ঠা -